

া যাকাত বিধানের সারসংক্ষেপ

বিভাগ/অধ্যায়ঃ সদকা সংশ্লিষ্ট মাসআলা ও বিধি-বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

সদকার আরও কতিপয় শাখা-প্রশাখা

পানি ও ফসল সদকা করা, দুগ্ধদানকারী পশু সদকা করা। অর্থাৎ ফকীরকে দুধেল পশু সদকা করা, সে তার দুধ দোহন করে (খাবে, বেচবে, পনির ও ঘি তৈরি করে) পশুটি মালিককে ফেরত দিবে। এটিও এক প্রকার সদকা। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

«ما مِن مسلم يَغْرسُ غُرساً، أو يزرع زرعاً، فيأكلُ منه طير أو إنسان أو بهيمة، إلا كانَ له به صدقة».
"যখনি কোনো মুসলিম কোনো গাছ রোপণ করে অথবা ফসল বুনে অতঃপর সেখান থেকে পাখি অথবা মানুষ
অথবা চতুপ্পদ জন্তু খায়, এটি অবশ্যই তার জন্য সদকা হিসেবে বিবেচিত হবে"।[1]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি হাদীসে বলেছেন:

«أربعون خَصلة (يعني من خِصال الخير)، أعلاهُنَّ أي في الأجر: مَنِيحَة العَنْز (يعني العَنزة يُعطيها صاحبها لرجل فقير لِيأخذ حَلْبَها)، ما مِن عاملٍ يَعمَلُ بخصلةٍ منها (أي من الأربعين خصلة) رجاء ثوابها، وتصديق مَوْعُودِها، إلا أدخله الله بها الجنة».

"চল্লিশটি স্বভাব রয়েছে, (অর্থাৎ ভালো স্বভাব) তন্মধ্যে সবচেয়ে উত্তম স্বভাব: দুধেল ছাগল দান করা, (অর্থাৎ ফকীরকে দুধেল ছাগী দিবে, যেন তার দুধ দোহন করে সে লাভবান হয়) যে কেউ সাওয়াবের আশা নিয়ে ও সদকার ওয়াদাকে সত্য জেনে চল্লিশটি স্বভাব থেকে কোনও স্বভাবের ওপর আমল করবে, আল্লাহ অবশ্যই তাকে জান্নাতে প্রবেশ করাবেন"।[2]

>

ফুটনোট

- [1] সহীহ বুখারী ও সহীহ মুসলিম।
- [2] সহীহ বুখারী, হাদীস নং ২৬৩১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10162

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন